

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিডি-৪ শাখা  
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০০০১.১৮.২১৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বিজরি ১৪৪৬ (২০২৫ খ্রিস্টাব্দ) সনের পবিত্র রমজান মাসে সাহুরি ও ইফতারের সময় বিবেচনায় দেশের সকল সরকারি ও আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত ও অর্ধস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য নিম্নবর্ণিত অফিস সময়সূচি নির্ধারণ করা হলো:

(ক) রবিবার থেকে বৃহস্পতিবার	সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ৩:৩০ ঘটিকা পর্যন্ত (বেলা ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ)
(খ) শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।

০২। ব্যাংক, বিমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিষ্ট প্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্যান্য জরুরি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ জনস্বার্থ বিবেচনায় তাদের নিজস্ব আইন/বিধি অনুযায়ী অফিস সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে।

০৩। বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও তার আওতাধীন সকল কোর্টের অফিস সময়সূচি বাংলাদেশ সুপ্রীম কোর্ট নির্ধারণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৪-০২-২০২৫

মোঃ কামরুজ্জামান

উপসচিব